# সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)

## উপজেলা সমাজসেবা কার্যালয়
## দুপচাঁচিয়া, বগুড়া

**সমাজসেবা অধিদফতরাধীন উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া থেকে প্রদেয় সেবাসমূহের বিবরণী**

| ক্র. নং | কার্যক্রম | সেবাসমূহ | সেবাগ্রহীতা | সেবাদান পদ্ধতি | সেবাপ্রাপ্তির সময়সীমা | সেবাদানকরী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | পল্লী সমাজসেবা কার্যক্রম | ০৫ হাজার থেকে ৫০ হাজার টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান। লক্ষ্যভুক্ত ব্যাক্তিদের নিজস্ব পুঁজি গঠনের জন্য সঞ্চয় বৃদ্ধিকরণ। পল্লী অঞ্চলের দরিদ্র জনগণকে সংগঠিত করে উন্নয়নের মুল স্রোতধারায় আনয়ন। সচেতনতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ এবং দক্ষতা উন্নয়ননের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান। | নির্বাচিত প্রকল্প গ্রামের স্থায়ী বাসিন্দা এবং উক্ত প্রকল্প গ্রামের কোনো একটি দলের সদস্য যারা নীতিমালায় বর্ণিত “ক” ও “খ” শ্রেণিভুক্ত দরিদ্র ব্যক্তি যার মাথাপিছু বার্ষিক পারিবারিক আয় সর্বোচ্চ ৬০ হাজার টাকা পর্যন্ত। | উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক গ্রাম নির্বাচন।<br>গ্রাম পর্যায়ে জরিপ, কর্মদল এবং গ্রাম কমিটি গঠন, ওরিয়েন্টেশন বা অবহিতকরণ।<br>ঋণ প্রাপ্তির জন্য স্কীমসহ নির্ধারিত ফরমে আবেদন।<br>গ্রাম কমিটির সুপারিশ।<br>উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক স্কীমের সম্ভাব্যতা যাচাই।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটির অনুমোদন ও ঋণ বিতরণ। | নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের পর স্কিম চূড়ান্ত অনুমোদনের ২ (দুই) সপ্তাহের মধ্যে আনুষ্ঠানিক/অনানুষ্ঠানিকভাবে ঋণের নগদ অর্থ বিতরণ। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ২. | পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম | ১০ হাজার থেকে ৫০ হাজার টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান। লক্ষ্যভুক্ত ব্যাক্তিদের নিজস্ব পুঁজি গঠনের জন্য সঞ্চয় বৃদ্ধিকরণ। **পল্লী অঞ্চলের দরিদ্র নারীদেরকে** সংগঠিত করে উন্নয়নের মুল স্রোতধারায় আনয়ন। সচেতনতা বৃদ্ধি, উদ্বুদ্ধকরণ এবং দক্ষতা উন্নয়ননের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান। | নির্ধারিত মাতৃকেন্দ্রের স্থায়ী বাসিন্দা এবং উক্ত মাতৃকেন্দ্রের কোনো একটি দলের সদস্য (বয়স ন্যূনতম ১৮) যারা নীতিমালায় বর্ণিত “ক” ও “খ” শ্রেণিভুক্ত দরিদ্র ব্যক্তি যার মাথাপিছু বার্ষিক পারিবারিক আয় সর্বোচ্চ ৬০ হাজার টাকা পর্যন্ত। | মাতৃকেন্দ্রে জরিপ, কর্মদল এবং কমিটি গঠন, ওরিয়েন্টেশন বা অবহিতকরণ।<br>ঋণ প্রাপ্তির জন্য স্কীমসহ নির্ধারিত ফরমে আবেদন।<br>মাতৃকেন্দ্রের সুপারিশ।<br>উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক স্কীমের সম্ভাব্যতা যাচাই।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটির অনুমোদন ও ঋণ বিতরণ। | নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের পর স্কিম চূড়ান্ত অনুমোদনের ২ (দুই) সপ্তাহের মধ্যে আনুষ্ঠানিক/অনানুষ্ঠানিকভাবে ঋণের নগদ অর্থ বিতরণ। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩. | দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনবার্সন কার্যক্রম | দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে তাদের দক্ষতাভিত্তিক অথবা ব্যক্তি যে কাজে অভিজ্ঞ ও পারদর্শী সে কাজের জন্য তাকে অথবা তার পরিবারকে ৫ হাজার থেকে ৫০ হাজার টাকা পর্যন্ত ক্ষুদ্রঋণ প্রদান। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা এবং দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তি যার নিজের বা পরিবারের বার্ষিক গড় আয় ১ লক্ষ টাকার নিচে। | ঋণ প্রাপ্তির জন্য স্কীমসহ নির্ধারিত ফরমে আবেদন।<br>উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক স্কীমের সম্ভাব্যতা যাচাই।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটির অনুমোদন ও ঋণ বিতরণ। | নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদনের পর স্কিম চূড়ান্ত অনুমোদনের ১৫ দিনের মধ্যে<br>ঋণের নগদ অর্থ/চেক বিতরণ। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৪. | বয়স্ক ভাতা কার্যক্রম | সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য নির্ধারিত মাসিক ৬০০/- টাকা হারে বয়স্ক ভাতা প্রদান। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা যাদের বয়স পুরুষের ক্ষেত্রে ৬৫ বছর বা তদূর্দ্ধ এবং মহিলার ক্ষেত্রে ৬২ বছর বা তদূর্দ্ধ যারা আর্থিকভাবে অসচ্ছল, দরিদ্র এবং অসহায়। | অনলাইনে আবেদন গ্রহণ।<br>ইউনিয়ন কমিটি কর্তৃক প্রাথমিকভাবে উপকারভোগী বাছাই ও নির্বাচন।<br><br>উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত যাচাই-বাছাই ও অনুমোদন।<br>মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান “নগদ” এর মাধ্যমে ভাতা বিতরণ। | বরাদ্দ প্রাপ্তি এবং কোন ভাতাভোগীর মৃত্যু সাপেক্ষে ভাতাগ্রহণে আগ্রহী ব্যক্তির আবেদনের পর নতুন ভাতাভোগী নির্বাচনসহ সর্বোচ্চ ০৩ মাসের মধ্যে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৫. | বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা | সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য নির্ধারিত মাসিক ৫৫০/- টাকা হারে বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রদান। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা যাদের বয়স ১৮ বছর বা তদূর্ধ্ব এবং বিধবা বা তালাকপ্রাপ্তা বা স্বামী নিগৃহীতা মহিলা যারা আর্থিকভাবে অসচ্ছল, দরিদ্র এবং অসহায়। | অনলাইনে আবেদন গ্রহণ।<br>ইউনিয়ন কমিটি কর্তৃক প্রাথমিকভাবে উপকারভোগী বাছাই ও নির্বাচন।<br><br>উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত যাচাই-বাছাই ও অনুমোদন।<br>মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান “নগদ” এর মাধ্যমে ভাতা বিতরণ। | বরাদ্দ প্রাপ্তি এবং কোন ভাতাভোগীর মৃত্যু সাপেক্ষে ভাতাগ্রহণে আগ্রহী বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলার আবেদনের পর নতুন ভাতাভোগী নির্বাচনসহ সর্বোচ্চ ০৩ মাসের মধ্যে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৬ | অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম | সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য নির্ধারিত মাসিক ৮৫০/- টাকা হারে অসচ্ছল প্রতিবন্ধী ভাতা প্রদান। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা এবং সুবর্ণ নাগরিক কার্ডধারী প্রতিবন্ধী ব্যক্তি যারা আর্থিকভাবে অসচ্ছল, দরিদ্র এবং অসহায়। | অনলাইনে আবেদন গ্রহণ।<br>ইউনিয়ন কমিটি কর্তৃক প্রাথমিকভাবে উপকারভোগী বাছাই ও নির্বাচন।<br><br>উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত যাচাই-বাছাই ও অনুমোদন।<br>মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান “নগদ” এর মাধ্যমে ভাতা বিতরণ। | বরাদ্দ প্রাপ্তি এবং কোন ভাতাভোগীর মৃত্যু সাপেক্ষে ভাতাগ্রহণে আগ্রহী প্রতিবন্ধী ব্যক্তির আবেদনের পর নতুন ভাতাভোগী নির্বাচনসহ সর্বোচ্চ ০৩ মাসের মধ্যে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৭ | ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচি | ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের এককালীন ৫০ হাজার টাকার অনুদান। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা যারা ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ার মধ্যে যেকোনো একটি বা একাধিক রোগে আক্রান্ত রোগী এবং আর্থিকভাবে অসচ্ছল। | যথাযথ পদ্ধতি অনুসরণ করে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ ডাক্তারের প্রত্যয়ন, রিপোর্ট ও অন্যান্য কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদন। জেলা যাচাই-বাছাই ও বাস্তবায়ন কমিটি কর্তৃক মিটিং করে আবেদনসমূহ যাচাই-বাছাই ও চূড়ান্ত অনুমোদন। | সরকারের বরাদ্দ প্রাপ্তিসাপেক্ষে ও মিটিংয়ে অনুমোদনের পর ১৫ দিনের মধ্যে চেক বিতরণ। | জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া এবং উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৮ | হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচী | সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য নির্ধারিত মাসিক ৬৫০/- টাকা হারে ভাতা প্রদান।<br><br>শিক্ষা উপবৃত্তি প্রদান। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা এবং প্রকৃত হিজড়া যাদের বয়স ৫০ বছর বা তদূর্ধ্ব।<br><br>৫-২৩ বছর বয়সী হিজড়া শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি প্রদান। | নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদন।<br><br>উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত উপকারভোগী বাছাই ও নির্বাচন।<br><br>মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান “নগদ” এর মাধ্যমে ভাতা বিতরণ। | বরাদ্দ প্রাপ্তি এবং কোন ভাতাভোগীর মৃত্যু সাপেক্ষে ভাতাগ্রহণে আগ্রহী ব্যক্তির আবেদনের পর নতুন ভাতাভোগী নির্বাচনসহ সর্বোচ্চ ০৩ মাসের মধ্যে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ৯ | অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচী | সরকার কর্তৃক সামাজিক নিরাপত্তার জন্য নির্ধারিত মাসিক ৬০০/- টাকা হারে ভাতা প্রদান।<br><br>শিক্ষা উপবৃত্তি প্রদান। | অত্র উপজেলার স্থায়ী এবং অনগ্রসর বাসিন্দা যাদের বয়স ৫০ বছর বা তদুর্দ্ধ।<br><br>৫-২৩ বছর বয়সী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি প্রদান। | নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদন।<br><br>উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত উপকারভোগী বাছাই ও নির্বাচন।<br><br>মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান “নগদ” এর মাধ্যমে ভাতা বিতরণ। | বরাদ্দ প্রাপ্তি এবং কোন ভাতাভোগীর মৃত্যু সাপেক্ষে ভাতাগ্রহণে আগ্রহী ব্যক্তির আবেদনের পর নতুন ভাতাভোগী নির্বাচনসহ সর্বোচ্চ ০৩ মাসের মধ্যে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১০ | প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি প্রদান | প্রতিবন্ধী শিক্ষার্থীদের ৪ টি স্তরে বিভক্ত করে শিক্ষা উপবৃত্তি প্রদান। | সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যায়নরত ৫-২৩ বছর বয়সী প্রতিবন্ধী শিক্ষার্থী যারা পারিবারিকভাবে দুঃস্থ ও অসহায়। | অনলাইনে আবেদন গ্রহণ।<br><br>উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত উপকারভোগী বাছাই ও নির্বাচন।<br><br>মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠান “নগদ” এর মাধ্যমে ভাতা বিতরণ। | বরাদ্দ প্রাপ্তি ও কোটা শূন্য হওয়া সাপেক্ষে শিক্ষা উপবৃত্তি গ্রহণে আগ্রহী প্রতিবন্ধী শিক্ষার্থীর আবেদনের পর নতুন ভাতাভোগী নির্বাচনসহ সর্বোচ্চ ০৩ মাসের মধ্যে ভাতা বিতরণের ব্যবস্থা গ্রহণ। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১১ | প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কার্যক্রম এবং সুবর্ণ নাগরিক কার্ড প্রদান কর্মসূচি | প্রতিবন্ধিতা শনাক্তকরণ এবং সুবর্ণ নাগরিক কার্ড প্রদান। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা এবং প্রকৃত প্রতিবন্ধী। | নির্ধারিত ফরমে যথাযথ পদ্ধতি অনুসরণ করে আবেদন।<br><br>উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা কর্তৃক প্রতিবন্ধী শনাক্তকরণ।<br><br>জরিপ ফরম পূরণ, ছবি উত্তোলন এবং সুবর্ণ নাগরিক কার্ড প্রদান। | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা কর্তৃক প্রতিবন্ধী হিসেবে শনাক্ত হওয়ার পর উপজেলা কমিটি কর্তৃক অনুমোদনের পর সর্বোচ্চ ০১ মাসের মধ্যে সুবর্ণ নাগরিক কার্ড প্রদান। | উপজেলা সমাজসেবা কার্যালয় এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দুপচাঁচিয়া, বগুড়া |
| ১২ | রোগী কল্যাণ সমিতি, হাসপাতাল সমাজসেবা কার্যক্রম | হাসপাতালে ভর্তিকৃত দরিদ্র ও অসহায় রোগীদের প্রয়োজনীয় পরীক্ষা ও ঔষধ প্রদান। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা এবং উপজেলাস্বাস্থ্য কমপ্লেক্স, দুপচাঁচিয়া, বগুড়াতে ভর্তি হওয়া প্রকৃত দরিদ্র রোগী। | হাসপাতালে ভর্তিকৃত দরিদ্র রোগীদের ব্যবস্থাপত্র। উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত নির্ধারিত ফরমে আবেদন। উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক অনুমোদন। | হাসপাতালে ভর্তিকৃত দরিদ্র রোগীদের ব্যবস্থাপত্রসহ নির্ধারিত ফরমে আবেদনের সর্বোচ্চ ০২ দিনের মধ্যে ঔষধ প্রদানের ব্যবস্থা গ্রহণ। | উপজেলা সমাজসেবা কার্যালয় এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দুপচাঁচিয়া, বগুড়া |
| ১৩ | স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ নিবন্ধন ও তত্ত্বাবধান | স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংগঠনের নামকরণের ছাড়পত্র প্রদান। ১৯৬১ সালের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ নিয়ন্ত্রন ও নিবন্ধন অধ্যাদেশে ২ এর (চ) ধারায় বর্ণিত সেবামূলক কার্যক্রমে আগ্রহী সংস্থা/প্রতিষ্ঠান/সংগঠন/বেসরকারী এতিমখানা/ক্লাব নিবন্ধন। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দাদের মধ্যে স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক কার্যক্রম করতে আগ্রহী সংগঠন, প্রতিষ্ঠান ক্লাব, সংস্থা, সমিতি ইত্যাদি। | নির্ধারিত ফরমে আবেদনসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল।<br><br>সংগঠনের নামের ছাড়পত্র প্রদান।<br><br>এন.এস.আই কর্তৃক অনাপত্তি সনদ সাপেক্ষে নিবন্ধন প্রদান। | নামের ছাড়পত্র: পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ১৫ কর্ম দিবস।<br>নিবন্ধন সনদ প্রদান: পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির পর ২০ কর্ম দিবস। | জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া এবং উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৪ | সমাজকল্যাণ পরিষদের মাধ্যমে নিবন্ধনপ্রাপ্ত সংস্থারসমূহের মধ্যে অনুদান প্রদান | জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক অত্র উপজেলার নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের মাঝে এককালীন অনুদান বিতরণ। | অত্র উপজেলার নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থাসমূহ। | প্রতি বছর ৩১ অক্টোবরের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদন।<br><br>প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করে উপজেলা কমিটি কর্তৃক অনুমোদনের পর বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদে প্রেরণ। | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করে চূড়ান্ত অনুমোদন ও চেক প্রস্তুত করে উপজেলায় প্রেরণ। চেক প্রাপ্তির ১০ দিনের মধ্যে উপজেলা কমিটি কর্তৃক চেক বিতরণ। | বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা এবং উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৫ | বেসরকারী এতিমখানায় ক্যাপিটেশন গ্রান্ট প্রদান | ১৮ বছর বয়স পর্যন্ত এতিম শিশুদের প্রতিপালন। স্নেহ ভালবাসা ও আদর যত্নের সাথে লালন পালন। আনুষ্ঠানিক শিক্ষা ও বৃত্তিমুলক প্রশিক্ষণ প্রদান। | সমাজসেবা অধিদফতর থেকে নিবন্ধিত বেসরকারী এতিমখানায় ৬-৯ বছর বয়সী এতিম শিশু ভর্তির জন্য বিবেচিত হয় এবং ভর্তির পর ১৮ বছর বয়স পর্যন্ত ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত হন। | প্রতি বছর ৩১ জুলাইয়ের মধ্যে নির্ধারিত ফরমে আবেদনসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ক্যাপিটেশন গ্রান্ট প্রদান। | বেসরকারী এতিমখানা কর্তৃক ক্যাপিটেশন গ্রান্টের আবেদন প্রাপ্তির পর বরাদ্দ সাপেক্ষে সর্বোচ্চ ০৬ মাসের মধ্যে। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৬ | প্রবেশন এ্যান্ড আফটার কেয়ার সার্ভিস | বিজ্ঞ আদালতের নির্দেশে লঘু অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তিদের শাস্তিপ্রদান স্থগিত রেখে প্রবেশন অফিসারের তত্ত্বাবধায়নে পারিবারিক, সামাজিক পরিবেশে রেখে সংশোধন ও আত্মশুদ্ধির ব্যবস্থা করা। | সংশ্লিষ্ট আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত প্রবেশনার বা আইনের সংস্পর্শে আসা শিশু /কিশোর। | প্রবেশন এন্ড অফেন্ডার্স অডিনেন্স ১৯৬০ (সংশোধিত ১৯৬৪) এর ৫ ধারা মোতাবেক সংশ্লিষ্ট আদালত কর্তৃক যেকোন বয়সের প্রথমবার ও লঘু অপরাধে দোষী সাব্যস্ত ব্যক্তি অথবা অভিযুক্ত ব্যক্তি নিজে দোষ স্বীকার করলে আদালত দন্ড স্থগিত রেখে প্রবেশন অফিসারের তত্ত্বাবধানে সংশ্লিষ্ট ব্যক্তিকে নির্দিষ্ট মেয়াদে পরিবার বা সমাজে রেখে সংশোধন ও আত্মশুদ্ধির সুযোগ প্রদান করেন।<br><br>শিশু আইন ২০১৩ এর ধারা ৩৪ উপ-ধারা ৬ মোতাবেক শিশুদের শিশু উন্নয়ন কেন্দ্রে আটক রাখার পরিবর্তে সদাচরণের জন্য শিশু আদালতের আদেশক্রমে প্রবেশন সেবা প্রদান করা হয়। | আদালত কর্তৃক নির্ধারিত সময়সীমা | বিজ্ঞ আদালত, বগুড়া, প্রবেশন কার্যালয়, বগুড়া, উপজেলা সমাজসেবা কার্যালয় এবং অফিসার ইনচার্জ, দুপচাঁচিয়া, বগুড়া। |
| ১৭ | ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচি | ভিক্ষুকদের তালিকা প্রস্তুতকরণ। ভিক্ষুকদের ছাগল/গাভী প্রদানের মাধ্যমে পুনর্বাসন। মালামালসহ দোকান ঘর প্রদানের মাধ্যমে পুনর্বাসন। | অত্র উপজেলার স্থায়ী বাসিন্দা যারা পেশায় প্রকৃত ভিক্ষুক। | নির্ধারিত ফরমে আবেদন।<br><br>উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত উপকারভোগী বাছাই ও নির্বাচন। | সরকারের বরাদ্দ প্রাপ্তিসাপেক্ষে ও মিটিংয়ে অনুমোদনের পর ১৫ দিনের মধ্যে অনুদান/উপকরণ বিতরণ। | উপজেলা সমাজসেবা কার্যালয়, দুপচাঁচিয়া, বগুড়া। |